গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ
সংবাদকক্ষ ঃ ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

# সংবাদ গতিধারা

**স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ,
গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা-১০৭/২০২৩-২০২৪**

**ময়মনসিংহ, ২৫ ফেব্রুয়ারি, রবিবার ২০২৪, ১২ ফাল্গুন ১৪৩০**

**আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:**

০১। দরিদ্রদের জন্য চিকিৎসাসেবা আরো সহজ করার উপর জোর দিয়েছেন রাষ্ট্রপতি

০২। 'বঙ্গবন্ধু' অ্যাপ উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী

০৩। বাংলার মানুষের মুখে হাসি ফোটাবার লক্ষ্যে কাজ করে যাচ্ছেন প্রধানমন্ত্রী

০৪। নারী আসনে প্রার্থীতা প্রত্যাহারের শেষ সময় আজ

০৫। মসিক নির্বাচনকে ঘিরে প্রার্থীদের প্রচারে সরগরম অলিগলি

## ০১। দরিদ্রদের জন্য চিকিৎসাসেবা আরো সহজ করার উপর জোর দিয়েছেন রাষ্ট্রপতি

রাষ্ট্রপতি মোহাম্মদ সাহাবুদ্দিন রাজধানীর প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেলে 'চতুর্থ আন্তর্জাতিক বৈজ্ঞানিক সম্মেলন ২০২৪' উদ্বোধনকালে দরিদ্রদের জন্য চিকিৎসা পরিষেবা আরও সহজ করতে চিকিৎসক, নার্স ও সংশ্লিষ্ট অন্যান্যদের প্রতি নির্দেশ দিয়েছেন। তিনি বলেন, গরিবদের চিকিৎসা সেবা প্রদানের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া উচিত এবং এটি নিশ্চিত করতে হবে যে- তারা যেন চিকিৎসা থেকে বঞ্চিত না হয় বা অর্থের অভাবে অবহেলিত না হয়। বাংলাদেশ কার্ডিওভাসকুলার রিসার্চ ফাউন্ডেশন এবং ইউএসএ ইন্টারভেনশনাল একাডেমি এ সম্মেলনের আয়োজন করে। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ ও দৈনিক স্বজন।

## ০২। 'বঙ্গবন্ধু' অ্যাপ উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনী ও বাংলাদেশ সৃষ্টির ইতিহাস সমৃদ্ধ 'বঙ্গবন্ধু' অ্যাপের উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। শনিবার (২৪ ফেব্রুয়ারি) গণভবনে অ্যাপটি উদ্বোধন করা হয়। অ্যাপটি তৈরি করেছে দুর্বার টেকনোলজিস লিমিটেড। উদ্বোধনকালে প্রধানমন্ত্রী বলেন, এই অ্যাপের মাধ্যমে সহজে মানুষ জাতির পিতার বর্ণাঢ্য কর্মময় জীবন সম্পর্কে জানতে পারবে। সেই সঙ্গে আমাদের মহান স্বাধীনতার সঠিক ইতিহাস জনগণের মধ্যে ছড়িয়ে দেওয়ার ডিজিটাল প্লাটফর্ম তৈরি হয়েছে। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস।

## ০৩। বাংলার মানুষের মুখে হাসি ফোটাবার লক্ষ্যে কাজ করে যাচ্ছেন প্রধানমন্ত্রী

ধর্মমন্ত্রী ফরিদুল হক খান বলেছেন, 'বাংলার মানুষ বঙ্গবন্ধুকন্যা শেখ হাসিনাকে টানা চারবারসহ পঞ্চমবারের মতো প্রধানমন্ত্রী করেছেন। তিনি বাংলার মানুষের মুখে হাসি ফোটাবার লক্ষ্যে কাজ করে যাচ্ছেন। আমাদের প্রয়োজন তার হাতকে শক্তিশালী করা'। শনিবার (২৪ ফেব্রুয়ারি) জামালপুরের ইসলামপুরের দুর্গম চরাঞ্চল সাপধরী ইউনিয়নের বিভিন্ন এলাকা পরিদর্শন করে প্রজাপতি গ্রাম আশ্রয়ন প্রকল্প সংলগ্ন নদীর পাড় ও সাপধরী উচ্চ বিদ্যালয় হলরুমে সংবর্ধনা ও আলোচনা সভা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী এসব কথা বলেন। তিনি আরো বলেন, 'প্রধানমন্ত্রীর হাতকে শক্তিশালী করতে পারলে এই দেশ নিশ্চয়ই বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলাদেশ হবে'। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ,দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস।

## ০৪। নারী আসনে প্রার্থীতা প্রত্যাহারের শেষ সময় আজ

দ্বাদশ জাতীয় সংসদের ৫০টি সংরক্ষিত নারী আসনের নির্বাচনে প্রার্থিতা প্রত্যাহারের শেষ সময় আজ রবিবার (২৫ ফেব্রুয়ারি)। এদিন সকাল ৯ টা থেকে বিকাল চারটা পর্যন্ত মনোনয়নপত্র প্রত্যাহার করা যাবে। রিটার্নিং কর্মকর্তা ও নির্বাচন কমিশনের যুগ্মসচিব মোঃ মনিরুজ্জামান তালুকদার এ তথ্য জানান। তিনি আরো জানান, জাতীয় পার্টি থেকে দুটি এবং আওয়ামী লীগ ও তাদের জোট থেকে ৪৮টি মনোনয়নপত্র বৈধ হয়েছে। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ,দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস।

## ০৫। মসিক নির্বাচনকে ঘিরে প্রার্থীদের প্রচারে সরগরম অলিগলি

ময়মনসিংহ সিটি কর্পোরেশন নির্বাচনকে ঘিরে চলছে জমজমাট প্রচারণা। মেয়র ও কাউন্সিলর প্রার্থীদের প্রচারাভিযানে সরগরম শহরের অলিগলি। সকাল থেকে ভোটারদের দ্বারে দ্বারে যাচ্ছেন প্রার্থীরা। গণসংযোগ, উঠান বৈঠকসহ নানাভাবে ভোটারদের কাছে টানতে কাজ করছেন প্রার্থী ও তাদের সমর্থকরা। নির্বাচনী এলাকায় শোডাউন, লিফলেট বিতরণ চলছে। এ সিটি নির্বাচনে মোট ভোটার সংখ্যা ৩ লাখ ৩৬ হাজার ৪৯০ জন। এর মধ্যে ১ লাখ ৬৩ হাজার ৮৭১ জন পুরুষ; ০১ লাখ ৭২ হাজার ৬১০ জন নারী ও তৃতীয় লিঙ্গের ভোটার ৯ জন। আগামী ৯ মার্চ ইভিএম-এ ১২৮টি কেন্দ্রে ময়মনসিংহ সিটি কর্পোরেশন নির্বাচন অনুষ্ঠিত হবে। সূত্র: দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক স্বজন, দৈনিক নিউ টাইমস, আজকের বাংলাদেশ ও দৈনিক সবুজ।

## সম্পাদকীয়

(ক) **দৈনিক সবুজ:** ইউনাইটেড হাসপাতালে খতনা করাতে গিয়ে শিশু আয়ানের মৃত্যুর রেশ কাটতে না কাটতেই খতনার ভুল চিকিৎসায় ধরে গেছে আরো এক শিশুর প্রাণ। উদ্যোগের সঙ্গে লক্ষ্য করা যাচ্ছে, হাসপাতালে ভুল চিকিৎসায় মৃত্যু হলেও যথাযথ তদন্ত ও অপরাধীর শাস্তি হচ্ছে না। ফলে এমন ঘটনা ক্রমেই বাড়ছে। কেউ ভুল চিকিৎসার শিকার হলে দায়ী প্রতিষ্ঠান, চিকিৎসক, তদারককারি দপ্তরকে জবাবদিহিতার মধ্যে আনতে হবে। যত দ্রুত সম্ভব চিকিৎসাসেবা আইন পাস করতে হবে।

(খ) **দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস**: আধুনিক পৃথিবীতেও বহু মানুষকে না খেয়ে দিন কাটাতে হয়। অথচ উন্নত দেশগুলোতে তার বিপরীত চিত্র। ব্যাপকভাবে খাদ্যের অপচয় হয়। জাতিসংঘের ওয়ার্ল্ড ফুড প্রোগ্রামের জরিপ মতে, বিশ্বজুড়ে প্রতিবছর মানুষের জন্য মোট উৎপাদিত খাদ্যের এক-তৃতীয়াংশই নষ্ট হয়, যার পরিমাণ প্রায় ১৩০ কোটি টন। খাবারের অপচয় রোধে আন্তর্জাতিক বিভিন্ন সংস্থা কাজ করে যাচ্ছে। দেশেও খাদ্যের অপচয় রোধে সর্বস্তরের সচেতনতা, আন্তরিক প্রচেষ্টা ও উদ্যোগ বাড়ানো আবশ্যক। উৎপাদন থেকে শুরু করে ভোগের চূড়ান্ত পর্যায়ে খাদ্যের অপচয়ের পরিমাণ কমানো গেলে দেশের খাদ্য নিরাপত্তা ব্যবস্থা আরো শক্তিশালী হবে।

(গ) **দৈনিক নিউ টাইমস:** মিয়ানমারের রাখাইন রাজ্যে সামরিক বাহিনীর সঙ্গে বিদ্রোহী গোষ্ঠী আরাকান আর্মির যুদ্ধ চলছে। চলতি বছরে এর ভয়াবহতা ব্যাপক আকার ধারণ করেছে। যুদ্ধের কারণে বাংলাদেশ মিয়ানমার সীমান্তবর্তী এলাকায় চরম আতঙ্ক বিরাজ করছে। যুদ্ধ পরিস্থিতিতে প্রতিবেশী দেশ ভারতসহ বাংলাদেশের নিরাপত্তা বিঘ্নিত হতে পারে। পরিস্থিতি মোকাবিলায় বাংলাদেশের উচিত ভারত, মিয়ানমার চীন ও মার্কিন যুক্তরাষ্ট্রকে নিয়ে একটি যৌথ উদ্যোগ গ্রহণ করা।

### প্রবন্ধ/নিবন্ধ

০১। শিক্ষা মাধ্যম এবং বহুজাতিক কোম্পানী কর্তৃক ভাষা ব্যবহারের নীতিমালা প্রয়োজন- পরশ মির্জা (আজকের বাংলাদেশ)

০২। শবে বরাতের গুরুত্ব ও মর্যাদা- মাও. আবুল হাসান মো. নাসরুল্লাহ (দৈনিক স্বজন)

#

রিদওয়ান/রেজভী/সজিব/২০২৪/১০.৩০ ঘণ্টা।